লক্ষ্যং শিবপ্রদানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2023-24

## BNGACOR05T-BENGALI (CC5)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করছে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। উপমা অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহ উপমা অলঙ্কারের বিভিন্ন বিভাগ সম্পর্কে আলোচনা করো। ২+৮

**অথবা**

উদাহরণসহ বুঝিয়ে দাওঃ (যে-কোনো ***দুটি***) ৫×২ = ১০
সমাসোক্তি, প্রতীয়মানোৎপ্রেক্ষা, অপহ্নুতি, শ্লেষ।

২। নিম্নোক্ত যে-কোনো ***দুটি*** কাব্যাংশের অলঙ্কার নির্ণয় করোঃ ৫×২ = ১০

(ক) ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা
জীবনের জয়গান।

(খ) ডুব দে রে মন কালী বলে
হৃদি-রত্নাকরের অগাধ জলে।

(গ) হাথক দরপণ মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাম্বুল॥
হৃদয়ক মৃগমদ গীমক হার।
দেহক সরবস গেহক সার॥

(ঘ) মশায়, দেশান্তরী করল আমায়
কেশনগরের মশায়।

৩। দলবৃত্ত ছন্দোরীতির সংজ্ঞা ও বৈশিষ্ট্য উদাহরণসহ বুঝিয়ে দাও। ১০

**অথবা**

সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো ***দুটি***)
পংক্তি, চরণ, স্তবক, লয়।

৪। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** উদ্ধৃতির ছন্দোলিপি প্রণয়ন করোঃ ৫×২ = ১০

(ক) তোমারে ডাকিনু যবে কুঞ্জবনে
তখনো আমের বনে গন্ধ ছিল।
জানি না কী লাগি ছিল অন্যমনে,
তোমার দুয়ার কেন বন্ধ ছিল।

(খ) ঠাকুরমা দ্রুততালে ছড়া যেত পড়ে,
ভাবখানা মনে আছে - বউ আসে চতুর্দোলা চড়ে
আম কাঁঠালের ছায়ে,
গলায় মোতির মালা, সোনার চরণচক্র পায়ে।

(গ) গগনে অবঘন মেহ দারুণ
সঘনে দামিনী ঝলকই।
কুলিশ-পাতন শবদ ঝনঝন
পবন খরতর বলগই॥

(ঘ) প্রাণধন বিদ্যালাভ ব্যাপারের তরে।
খোয়াব তনুর তরী প্রবাস-সাগরে॥
যদি কালী কুল দেন কুলে আগমন।
মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন॥

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) বিভাবনা ও বিষম অলঙ্কারের মধ্যে পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

(খ) এ পুরীর পথ-মাঝে যত আছে শিলা, ৫
কঠিন শ্যামার মতো কেহ নাহি আর।
— কাব্যাংশে প্রযুক্ত অলঙ্কারটির নাম লেখো ও ব্যাখ্যা করো।

(গ) তানপ্রধান ছন্দের শোষণ ক্ষমতা উদাহরণসহ ব্যাখ্যা করো। ৫

(ঘ) "বাঙালির প্রাণ, বাঙালির মন, বাঙালির ঘরে যত ভাই বোন – ৫
এক হউক, এক হউক, এক হউক হে ভগবান।"
— এই অংশের ছন্দোলিপি প্রণয়ন করো।

——×——